


শেখ হাসিনা

NOV 02 2007



ইসলামী বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা

৪৬ জন শিক্ষকের বেতন বন্ধ উপাচার্যের পদত্যাগ দাবি

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে নিজস্ব সংবাদমত : ইসলামী বিশ্ববিদ্যালয়ের ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ৪৬ শিক্ষকসহ ১শ' ২৫ জন শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের আকস্মিকভাবে বেতন বন্ধ করে দেয়ায় বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর এম. আলীউদ্দীনের সভাপতিত্বে বৃহস্পতিবার শিক্ষকদের এক বৈঠকে শনিবার সকাল ১০টায় তাদের বেতন প্রদানের দাবি জানানো হয়। তা না হলে শনিবার থেকে বৃহত্তর আন্দোলন শুরু করা হবে। তারা এ ব্যাপারে উপাচার্যের পদত্যাগ দাবি করছেন।

বেতন বন্ধ করে দেয়া হয়েছে তাদের অধিকাংশ আওয়ামী ও বামপন্থী রাজনীতির সমর্থক এবং আওয়ামী শীর্ষ সরকারের আমলে নিয়োগপ্রাপ্ত।
বেতন বন্ধ করে দেয়ায় গতকাল বিজ্ঞান

অনুষদের শিক্ষকরা ক্লাস ও পরীক্ষা বর্জন করেছেন এবং শনিবারের মধ্যে বেতন দেয়ার জোর দাবি তুলে বর্তমান এ পরিস্থিতির জন্য উপাচার্যের পদত্যাগ দাবি করেছেন।

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, উন্নয়নমূলক খাত থেকে কিছু শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে এত দিন বেতন দেয়া হতো এবং এদের নিয়োগ ছিল উন্নয়নমূলক খাতে। কিন্তু এ খাতে অর্থ না থাকায় বিজ্ঞান অনুষদের ৬টি বিভাগের ৪৬ জন শিক্ষক, বিভিন্ন সেকশনের ৯ জন কর্মকর্তা, ৭০ জন কর্মচারীকে জুলাই মাসের বেতন দেয়া সম্ভব হয়নি। ১লা আগস্ট ব্যাংকে গিয়ে তারা বেতন ওঠাতে পারেননি। বোঝ নিয়ে জানা গেছে, যাদের